

## আমাদের রাজধানী



আতিক রহমান / সিডনি

সবেধন নীলমনি ঢাকা আমাদের রাজধানী  
একটুখানি বৃষ্টি হলে হয়ে যায় হাঁটু পানি।  
রিজ্জার টুংটুং ঠেলাগাড়ী এএই-ই পাশে  
দানবের মত চলে বাস ট্রাক উর্ধ্বশ্বাসে।

ফুটপাতে চলে মানুষ হাজারে হাজার  
দেখেশুনে মনে হয় প্রানে বুঝি বাঁচা ভার।  
ঘোরে না ফ্যান-ভন ভন জ্বলে না যে আলো  
লোড শেডিং দিয়ে যায় আঁধার আর কালো

অভিমানি বিদ্যুৎ -হেমালী কিশোরীর মত  
এই হাসে এই কাঁদে কেয়ার করে না তত  
ধুলোবালি পচাগলা মিলেমিশে একাকার  
এই নিয়ে মারামারি ফাটাফাটি কারবার।

হরতাল আর মিছিলে অনাসৃষ্টি কান্ড  
এনিমে ভাববার সময় নেই কারও একদন্ড  
ভাবি বসে নির্জনে কি করে যে ফিরে যাবো দেশে  
না জানি কখন জীবনটা চলে যায় বিভূঁই বিদেশে।

[arahman546@gmail.com](mailto:arahman546@gmail.com)

১লা আগস্ট ২০১২/ বউমন্ট হিল